MND Association

# 1B
# অন্যান্য ভাষা এবং বিন্যাসে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য

**মোটর নিউরন রোগ (MND) বা কেনেডি রোগে আক্রান্ত বা ভুক্তভোগী ব্যক্তিদের জন্য তথ্য**

যদি ইংরেজি আপনার মাতৃভাষা না হয় অথবা আপনার দৃষ্টি প্রতিবন্ধকতা থাকে, তাহলে মোটর নিউরন রোগ বা কেনেডি রোগ এবং উপলভ্য সহায়তার ধরণ সম্পর্কে তথ্য পাওয়া কঠিন হতে পারে। অন্যান্য ভাষা বা বিন্যাসে, যেমন ব্রেইল, বড় ছাপার অক্ষর বা অডিওতে কীভাবে তথ্য খুঁজে পাবেন, এই তথ্যপত্রে তার ব্যাখ্যা দেওয়া হয়েছে। এই তথ্যপত্র বিভিন্ন ভাষায় উপলভ্য এবং এর বিষয়বস্তুর মধ্যে রয়েছে:

1. **কীভাবে আমি অন্যান্য ভাষায় তথ্য পাব?**
2. **আমি কি অন্য বিন্যাসে তথ্য পেতে পারি?**
3. **আর কোন কোন দিক থেকে আমি সাহায্য পেতে পারি?**
4. **আমি কীভাবে আরও জানতে পারি?**

এটি মূল তথ্যের একটি অনূদিত সংস্করণ। MND Association খ্যাতিসম্পন্ন অনুবাদ পরিষেবা ব্যবহার করে, তবে অনুবাদে কোনো ত্রুটি থাকলে সেটির দায়ভার তাদের নয়।

চিকিৎসা এবং পরিচর্যা সম্পর্কে কোনো সিদ্ধান্ত নেওয়ার সময় সবসময় আপনার স্বাস্থ্য এবং সামাজিক পরিচর্যাকারী দলের কাছ থেকে পরামর্শ নিন। তারা অ্যাপয়েন্টমেন্টে সাহায্য করার জন্য একজন অনুবাদকের ব্যবস্থা করে দিতে পারেন।

আরও তথ্য অনুবাদ করা সম্ভব হতে পারে, তবে এটি একটি সীমিত পরিষেবা। বিস্তারিত জানতে আমাদের হেল্পলাইন MND Connect-এ যোগাযোগ করুন:
ফোন: **0808 802 6262**
ইমেল: **mndconnect@mndassociation.org**

মোটর নিউরন বা কেনেডি রোগে আক্রান্ত অথবা এই রোগের প্রভাবে ভুক্তভোগী ব্যক্তিদের কথা তুলে ধরতে এই চিহ্নটি ব্যবহার করা হয়েছে।

আপনাকে আরও বিস্তারিত জানতে সাহায্য করার উদ্দেশ্যে আমাদের তথ্য সংস্থান নির্দেশ করতে এই চিহ্ন ব্যবহৃত হয়েছে। কীভাবে ডাউনলোড করতে হবে বা ছাপানো কপির অর্ডার করতে হবে তা জানতে 4 নং বিভাগ দেখুন **আমি কীভাবে আরও জানতে পারি?**

# 1. কীভাবে আমি অন্যান্য ভাষায় তথ্য পাব?

**MND Association থেকে**

আপনি আমাদের সাথে যোগাযোগ করার সময়, আপনার যদি নির্দিষ্ট কোনো উপায়ে বা অন্য কোনো ভাষায় সাহায্যের প্রয়োজন হয়, তবে আমাদের পরিষেবা বিভাগকে তা জানান। আমরা আপনার ভাষায় কথা বলতে না পারলে, শুরুতে সাহায্য করার জন্য ইংরেজি বলতে পারেন এমন কারো প্রয়োজন হতে পারে। তারা আমাদের MND Connect হেল্পলাইনে যোগাযোগ করে আমাদের টিমকে আপনার প্রয়োজনীয়তা বুঝতে সাহায্য করতে পারেন।

**MND Connect**
ফোন: 0808 802 6262
ইমেল: mndconnect@mndassociation.org

তবে, এরপর আমাদের হেল্পলাইন টিম একজন দোভাষীর সাথে টেলিফোন কলের ব্যবস্থা করতে পারে, যিনি আপনার জন্য অনুবাদ করে দিতে পারবেন। আপনি আমাদের ‘সুবিধা সংক্রান্ত পরামর্শ পরিষেবা’ এর সাথে যোগাযোগ করার জন্যও এই সহায়তা চাইতে পারেন।

স্বাস্থ্য বা সামাজিক পরিচর্যার অ্যাপয়েন্টমেন্টের জন্য অথবা আপনার এবং অন্য কোনো বহিরাগত ব্যক্তির মধ্যকার কলের জন্য আমরা টেলিফোনে দোভাষী সরবরাহ করতে পারব না।

তবে, স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা পরিষেবার মাধ্যমে দোভাষী বা অনুবাদ পরিষেবা পেতে আপনার কোনো সমস্যা হলে, আমাদের হেল্পলাইন টিম আপনাকে সাহায্য করতে পারে। কেন এমন হচ্ছে তা জানতে এবং সমাধান খুঁজতে তারা আপনার হয়ে উক্ত পরিষেবার সাথে যোগাযোগ করতে পারে।

**"আপনাদের দেওয়া তথ্যের সাহায্যে আমি চিকিৎসা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ করতে এবং এমনকি ডাক্তার ও নার্সদের বিভিন্ন প্রশ্ন করতে পেরেছি।"**

আমরা বিভিন্ন ভাষায় প্রাথমিক সংস্থান প্রদান করি। এর মধ্যে প্রধান ক্লিনিক্যাল সিদ্ধান্ত সম্পর্কিত তথ্যপত্র অন্তর্ভুক্ত রয়েছে, যেগুলি নিয়ে আপনাকে ভাবতে হতে পারে।

আমাদের অনূদিত প্রকাশনা এখান থেকে ডাউনলোড করুন: **mndassociation.org/languages** অথবা MND Connect থেকে সেগুলির ছাপানো কপি অর্ডার করুন। অনুগ্রহ করে মনে রাখবেন, আমরা খ্যাতিসম্পন্ন অনুবাদ পরিষেবা ব্যবহার করি, তবে অনুবাদে কোনো ত্রুটি থাকলে সেটির দায়ভার আমাদের নয়।

আমরা ইতোমধ্যে যে ভাষাগুলিতে তথ্য প্রদান করি তার বাইরে অন্য কোনো ভাষায় আপনার কোনো কিছুর প্রয়োজন হলে MND Connect-কে জানান। চিকিৎসা বা পরিচর্যা সম্পর্কে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করার জন্য, আমরা অন্য কোনো তথ্যপত্র অথবা কোনো বড় নির্দেশিকার একটি অংশও অনুবাদ করে দিতে পারি।

পাঠকদের উপলভ্য বিষয় খুঁজে পেতে সাহায্য করার জন্য আমাদের অনূদিত সংস্থান ভাষা অনুসারে তালিকাভুক্ত করা হয়েছে। অনুবাদ পরিষেবা কীভাবে কাজ করে তা প্রতিটি ভাষায় ব্যাখ্যা করা হয়েছে।

## স্বাস্থ্য এবং সামাজিক পরিচর্যার অ্যাপয়েন্টমেন্টে

চিকিৎসা এবং পরিচর্যা সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার সময়, আপনাকে সহায়তাকারী স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা পেশাজীবীদের সাথে সমস্ত বিকল্প নিয়ে আলোচনা করা জরুরি। তারা আপনার ভাষায় কথা বলতে না পারলে এই আলোচনা কঠিন হতে পারে। তবে, মানুষের কাছে এই কথোপকথন বোধগম্য করে তুলতে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের অবশ্যই যুক্তিসঙ্গত ব্যবস্থা নিতে হবে।

তারা অ্যাপয়েন্টমেন্টের সময়, বিশেষ করে মেডিকেল অ্যাপয়েন্টমেন্টে সাহায্য করার জন্য একজন অনুবাদকের ব্যবস্থা করতে পারেন। অনেক GP সার্জারি এবং হাসপাতাল নিয়মমাফিক দোভাষী পরিষেবা প্রদান করে, তবে অন্যান্য স্থানে শুধুমাত্র অনুরোধ করা হলেই তা প্রদান করা হয়।

ভাষার সমস্যার কারণে আপনার ডাক্তার যদি সবসময় আপনার স্বাস্থ্য সমস্যা বুঝতে না পারেন বলে আপনার মনে হয়, তবে আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় একজন দোভাষী উপস্থিত রাখার ব্যবস্থা করতে আপনার GP সার্জারিকে বলুন। ব্যবস্থা গ্রহণের সুবিধার্থে আপনাকে আগে থেকেই এই অনুরোধ জানাতে হবে। আপনার জন্য কোনো নির্দিষ্ট পুরুষ বা নারী দোভাষী থাকা গুরুত্বপূর্ণ হলে তাদেরকে সেটি জানান।

প্রশিক্ষিত দোভাষী প্রদান করা স্বাস্থ্য পরিষেবার আইনি দায়িত্ব। আপনার সাথে একজন প্রতিনিধি বা সহায়তাকারী রাখার অধিকারও আপনার রয়েছে। ইনি হলেন এমন একজন বিশ্বস্ত ব্যক্তি যিনি নিরপেক্ষভাবে আপনার চাওয়া এবং প্রয়োজনীয়তা বোঝাতে আপনাকে সাহায্য করতে পারবেন।

একজন প্রাপ্তবয়স্ক বন্ধু, পরিবারের কোনো সদস্য অথবা একজন পেশাজীবী ব্যক্তি এই সহায়তাকারীর ভূমিকা পালন করতে পারেন। কথা বলতে আপনার কোনো অসুবিধা থাকলে বা অ্যাপয়েন্টমেন্টের সময় আপনি খুব ক্লান্ত হয়ে পড়লে এটি সহায়ক হতে পারে।

i আমাদের বুকলেটটি দেখুন: আপনার রোগ নির্ণয়ের বিষয়ে অন্যদের জানানো এবং সহায়তার বিষয়ে আরও জানতে **Telling people about MND** (MND সম্পর্কে মানুষকে জানান) বুকলেটটি পড়ুন।

আপনার GP বা হাসপাতাল থেকে যদি কোনো লিখিত তথ্য প্রদান করা হয়, তবে আপনি সেটি আপনার মাতৃভাষায় দেওয়ার জন্যও অনুরোধ করতে পারেন।

যদি আপনার ইংল্যান্ড, ওয়েলস বা স্কটল্যান্ডে সামাজিক পরিচর্যা মূল্যায়ন করা হয়, তাহলে আপনার স্থানীয় কর্তৃপক্ষকে দোভাষীর প্রয়োজনের বিষয়ে জানান।

উত্তর আয়ারল্যান্ডে আপনার স্থানীয় স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা ট্রাস্টের সাথে যোগাযোগ করুন। আপনার মূল্যায়ন যাতে সঠিকভাবে হয় এবং আপনার প্রয়োজনীয়তা মেটানো যায়, তা নিশ্চিত করতে বেশিরভাগ ক্ষেত্রেই তারা ভাষার সহায়তার ব্যবস্থা করার চেষ্টা করবেন।

### অন্যান্য সংস্থা এবং ওয়েবসাইট থেকে

ওয়েবসাইটে থাকা স্বয়ংক্রিয় অনুবাদ ব্যবস্থা কখনও কখনও সাহায্য করলেও তা সবসময় সঠিক নাও হতে পারে এবং বিভ্রান্তি সৃষ্টি করতে পারে। কিছু কিছু সংস্থা বিভিন্ন ভাষায় তথ্য প্রদান করে। তাদের ওয়েবসাইট দেখুন অথবা আপনার হয়ে সেই সংস্থার সাথে যোগাযোগ করার জন্য কাউকে অনুরোধ করুন।

## ২. আমি কি অন্য বিন্যাসে তথ্য পেতে পারি?

### MND Association থেকে

আমাদের তথ্য এবং উপলভ্য বিন্যাস সম্পর্কে নির্দেশনার জন্য আমাদের হেল্পলাইন, MND Connect-এর সাথে যোগাযোগ করুন। তারা আপনাকে নিম্নলিখিত বিন্যাস পেতে সাহায্য করতে পারেন:

### ব্রেইল

আমাদের অনূদিত সংস্থানের মতোই, আপনি আমাদের তথ্যপত্র বা নির্দেশিকার অংশ ব্রেইলে নেওয়ার অনুরোধ করতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন, আমরা খ্যাতিসম্পন্ন ব্রেইল পরিষেবা ব্যবহার করি, কিন্তু এটি তৈরির সময় কোনো ত্রুটি হলে তার দায়ভার নিতে পারি না।

### বড় ছাপার অক্ষর

আমাদের ছোট কার্ড এবং মিনি-বুকলেট ব্যতীত, আমাদের সমস্ত তথ্যে কমপক্ষে 12pt ফন্ট ব্যবহার করা হয়। আপনি আমাদের ওয়েবসাইটে থাকা সংস্থান ব্যবহার করলে, লেখার আকার বড় করে নিতে পারবেন।

নিম্নলিখিত বিষয় বড় অক্ষরে (16pt বা তার বেশি) মুদ্রণ করা হয়:

– **মোটর নিউরন রোগ (MND) পরিচিতি**
– **মোটর নিউরন রোগ (MND) সম্পর্কে সহজে পড়ার নির্দেশিকা**

### অডিও

আমরা ইংরেজিতে অডিও ফর্ম্যাটে প্রাথমিক তথ্য প্রদান করি। আপনি সাউন্ডক্লাউডে (Soundcloud) এই ঠিকানায় গিয়ে সংস্থান পেতে পারেন: **soundcloud.com/mndassoc/mnd-audiobook**

### অ্যানিমেশন

সহজে বোঝার সুবিধার্থে MND, কেনেডি রোগ এবং স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা সম্পর্কিত আমাদের অ্যানিমেশনে ছবি, ভয়েসওভার এবং সাবটাইটেল একসাথে ব্যবহার করা হয়েছে। প্রাথমিক ধারণা দেওয়ার জন্য এই ছোট ভিডিও খুব সহজেই অন্যদের সাথে শেয়ার করা যায়।

এখানে আমাদের অ্যানিমেশন দেখুন: **mndassociation.org/animations**

### স্বাস্থ্য এবং সামাজিক পরিচর্যার অ্যাপয়েন্টমেন্টে

GP সার্জারি, স্বাস্থ্য পরিষেবা বা সামাজিক পরিচর্যা মূল্যায়নের সময় প্রদান করা তথ্য ব্রেইল, বড় ছাপার অক্ষরে বা অন্যান্য বিন্যাসেও পাওয়া যেতে পারে।

**"অনুবাদ পরিষেবা উপলভ্য থাকতে হবে এবং তথ্য সহজে পড়ার মতো বিন্যাসে সরবরাহ করা যেতে পারে, এই বিষয় জানা খুবই দরকারি।"**

আপনার যদি এমন কোনো প্রতিবন্ধকতা থাকে যার কারণে পড়তে এবং সহায়তা পাওয়ার জন্য নির্দেশিকা ব্যবহার করতে আপনার অসুবিধা হয়, তবে আপনার প্রয়োজনীয়তা তাদের খুলে বলুন।

আপনি যাতে সিদ্ধান্ত গ্রহণের তথ্য পেতে এবং বুঝতে পারেন, তা নিশ্চিত করা স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা পরিষেবার দায়িত্ব। দায়িত্ব কীভাবে পরিচালিত হয় সে সম্পর্কে নিচের সংস্থানে ইংরেজিতে আরও বিস্তারিত তথ্য দেওয়া হয়েছে:

#### ইংল্যান্ডের জন্য

এখানে Accessible Information Standard দেখুন: **england.nhs.uk/ourwork/accessibleinfo**

#### ওয়েলসের জন্য

অনুসন্ধান করুন: Sensory loss communication needs (Accessible Information Standard) লিখে এখানে খুঁজুন (ইংরেজি এবং ওয়েলশ উভয় ভাষায় উপলভ্য): **gov.wales/health-social-care**

#### উত্তর আয়ারল্যান্ডের জন্য

অনুসন্ধান করুন: Making communication accessible লিখে এখানে খুঁজুন: **online.hscni.net**

#### স্কটল্যান্ডের জন্য

প্রকাশনা অনুসন্ধানের ঘরটি ব্যবহার করে, এটি লিখে খুঁজুন: Accessible information policy লিখে এখানে খুঁজুন: **publichealthscotland.scot/publications**

## 3. আর কোন কোন দিক থেকে আমি সাহায্য পেতে পারি?

### কথা বলা এবং ভাব প্রকাশের মূল্যায়ন

MND-এর কারণে কথা বলা এবং ভাব প্রকাশের ক্ষমতায় প্রভাব পড়তে পারে, যার ফলে কথা বলা বা অঙ্গভঙ্গি এবং মুখের অভিব্যক্তি ব্যবহার করা আরও কঠিন হয়ে পড়ে। কেনেডি রোগের কারণে আপনার কথা বলার ধরণেও প্রভাব পড়তে পারে।

আপনার যদি সমস্যা শুরু হয়, তবে মূল্যায়নের জন্য আপনাকে একজন স্পিচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপিস্টের কাছে রেফার করার জন্য আপনার ডাক্তারকে বলুন।

তারা থেরাপি এবং যোগাযোগের সহায়ক উপকরণ সম্পর্কে পরামর্শ দিতে পারেন। ছবি ও টেক্সট বোর্ডের মতো সাধারণ জিনিস থেকে শুরু করে কম্পিউটার সফ্টওয়্যারের মতো আরও উন্নত সাহায্য এর অন্তর্ভুক্ত থাকতে পারে।

আপনি ভয়েস ব্যাংকিং এবং মেসেজ ব্যাংকিংয়ের বিষয়েও নির্দেশনা চাইতে পারেন, যাতে কম্পিউটার ডিভাইসের মাধ্যমে বিভিন্ন কথা বলতে আপনি আপনার রেকর্ড করা নিজস্ব কণ্ঠস্বর ব্যবহার করতে পারেন।

**"তাদের কাছে এমন প্রযুক্তি আছে যার সাহায্যে তিনি নিজের গলাতেই কথা বলতে পারেন, ব্যাপারটা আমার কাছে বিস্ময়কর লেগেছে। আমার বাবার স্বভাব যেমন, এবং নতুন কোনো পরিবর্তনের বিষয়ে তিনি যেমন নার্ভাস হয়ে পড়েন, তাতে আমার মনে হয়েছিল এটি তার জন্য একদম সঠিক হবে। কারণ এর ফলে কণ্ঠস্বর হারিয়ে ফেলার পরও তার মনে হবে যে তার নিজের কণ্ঠস্বর তার কাছেই আছে এবং সবকিছু তার নিয়ন্ত্রণেই আছে।"**

আমাদের সংস্থান দেখুন:

- তথ্যপত্র **7C কথা বলা এবং ভাব প্রকাশ সম্পর্কিত সহায়তা**
- তথ্যপত্র **7D ভয়েস ব্যাংকিং**
- আমাদের ভয়েস ব্যাংকিং অ্যানিমেশনটি এখানে দেখুন: **mndassociation.org/animations**

## লিখিত নোট প্রদান করা

অন্যদেরকে আপনার প্রয়োজনীয়তা এবং পছন্দ বুঝতে সাহায্য করার জন্য আগে থেকে লিখে রাখা নোট দিলে তা আপনার জন্য সহায়ক হতে পারে।

আপনার পরিচর্যার সাথে জড়িত সকলকে সাহায্য করার জন্য এই নোট আপনার নিজের ভাষা এবং ইংরেজি, উভয় ভাষায় লিখে রাখা দরকারি হতে পারে। এই কাজে সাহায্য করার জন্য আপনাকে কোনো আত্মীয়, বন্ধু বা অনুবাদককে অনুরোধ করতে হতে পারে।

নিচের পরিস্থিতিতে এই ধরণের নোট আপনার কাজে লাগতে পারে:

- অ্যাপয়েন্টমেন্টে যোগদানের সময়
- ভ্রমণের সময় অথবা দৈনন্দিন স্বাভাবিক রুটিন মেনে চলার সময়
- সামাজিক অনুষ্ঠানে।

নিচের লেখা আপনার উপকারে আসতে পারে।

যারা ইংরেজি পড়েন তারা যাতে আপনার প্রয়োজনীয়তা বুঝতে পারেন, সে উদ্দেশ্যে এগুলি ইংরেজিতে দেওয়া হয়েছে। প্রয়োজন অনুসারে, এখানে MND-এর জন্য একটি এবং কেনেডি রোগের জন্য একটি লেখা দেওয়া হলো।

খালি জায়গায় শুধু আপনার ভাষার নাম এবং যোগাযোগের বিবরণ যোগ করে নিন।

MND-এর জন্য:

**I find it difficult to communicate because I have motor neurone disease. I also speak in:**

এখানে আপনার পছন্দের ভাষার নামটি লিখুন:

**If you cannot speak my language and need to communicate with me, my carer/relative/doctor can help. Please contact:**

এখানে যোগাযোগের বিবরণটি লিখুন:

---

কেনেডি রোগের জন্য:

**I find it difficult to communicate because I have Kennedy's disease. I also speak in:**

এখানে আপনার পছন্দের ভাষার নামটি লিখুন:

**If you cannot speak my language and need to communicate with me, my carer/relative/doctor can help. Please contact:**

এখানে যোগাযোগের বিবরণটি লিখুন:

## সহজ পাঠ

সহজ পাঠের উপকরণে বড় ছাপার অক্ষরে সহজ বাক্য এবং ছবির মিশ্রণ ব্যবহার করা হয়।

নিচের বিষয় আপনার সাথে মিলে গেলে এটি সহায়ক হতে পারে:

- সহজ ইংরেজিতে লেখা পড়তে চাইলে
- কোনো বিষয়ে প্রাথমিক তথ্যের প্রয়োজন হলে
- আপনার শেখার ক্ষেত্রে কোনো অসুবিধা থাকলে অথবা এমন কাউকে চিনলে যার এই অসুবিধা আছে।

আমাদের বুকলেটটি দেখুন: **মোটর নিউরন রোগ (MND) সম্পর্কে সহজে পড়ার নির্দেশিকা।**

## অনুবাদ পরিষেবা

অনুবাদ পরিষেবা ব্যয়বহুল হতে পারে।

আপনি যদি নিজের খরচে কোনো অনুবাদ করানোর কথা ভাবেন, তবে প্রথমে আপনার পেশাজীবী চিকিৎসকদের কাছ থেকে নির্দেশনা চেয়ে নিন।

আপনি যাদের মাধ্যমে এটি করতে পারেন:

- ডাক্তারের সার্জারি বা চেম্বার
- MND কেয়ার সেন্টার বা নেটওয়ার্ক
- নিউরোলজি পরিষেবা
- স্থানীয় কর্তৃপক্ষ বা কাউন্সিল (ইংল্যান্ড, ওয়েলস বা স্কটল্যান্ড)
- স্থানীয় স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা ট্রাস্ট (উত্তর আয়ারল্যান্ড)।

তারা সরাসরি সাহায্য করতে না পারলেও, এই পেশাজীবী এবং পরিষেবার পরিচিত ও পছন্দের সরবরাহকারী থাকতে পারে যাদেরকে তারা ব্যবহার করেন। তারা কাউকে সুপারিশ করতে না পারলেও, কোনো নির্দেশনা দিতে পারেন।

আমাদের MND Association-এর অনুবাদ পরিষেবা সম্পর্কে জানতে **1 নং বিভাগ: অন্যান্য ভাষায় কীভাবে তথ্য পাব?** অংশটি দেখুন। আমাদের বৃহত্তর সহায়তা সম্পর্কে আরও জানতে **4 নং বিভাগ: আমি কীভাবে আরও জানতে পারি?** অংশটি দেখুন।

# 4. আমি কীভাবে আরও জানতে পারি?

## অন্যান্য সংস্থা

আমরা নির্দিষ্ট কোনো সংস্থাকে সরাসরি সমর্থন করতে পারি না, তবে আরও তথ্য খোঁজার ক্ষেত্রে নিচের তালিকাটি আপনাকে সাহায্য করতে পারে। সংস্থা খুঁজে পেতে আমাদের MND Connect হেল্পলাইন আপনাকে সাহায্য করতে পারে। যোগাযোগের বিবরণ এই বিভাগের নিচের দিকের অংশে দেখুন, এই শিরোনামের অধীনে: আমাদের সহায়তা।

**Advicenow**
অধিকার এবং আইনি বিষয় সম্পর্কে অনলাইন তথ্য।
ওয়েবসাইট: **advicenow.org.uk**

**Citizens Advice**
আইনি, আর্থিক এবং অন্যান্য সমস্যা সমাধানে সাহায্য করার জন্য বিনামূল্যে ও গোপনীয় পরামর্শ।
ফোন: 0800 144 8848 (ইংল্যান্ড)
0344 477 2020 (ওয়েলস)
ওয়েবসাইট: **citizensadvice.org.uk (ইংল্যান্ড)**
**citizensadvice.org.uk/wales (ওয়েলস)**
**citizensadvice.org.uk/nireland (উত্তর আয়ারল্যান্ড)**

**Disability Action**
প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার নিয়ে কাজ করা উত্তর আয়ারল্যান্ডের একটি দাতব্য সংস্থা।
ফোন: 028 9029 7880
ইমেল: hq@disabilityaction.org
ওয়েবসাইট: **disabilityaction.org**

**সরকারি তথ্য**
সুযোগ-সুবিধা এবং সহায়তা সম্পর্কিত অনলাইন সরকারি তথ্য।
ওয়েবসাইট: **gov.uk** (ইংল্যান্ড এবং ওয়েলস)
**nidirect.gov.uk** (উত্তর আয়ারল্যান্ড)
**gov.scot** (স্কটল্যান্ড)

**NHS এবং যুক্তরাজ্যের স্বাস্থ্যসেবা**
সমগ্র যুক্তরাজ্য জুড়ে NHS পরিষেবা এবং স্বাস্থ্যসেবা সম্পর্কিত তথ্য।
ফোন: 111 (ইংল্যান্ড, ওয়েলস এবং স্কটল্যান্ড)
পৃথক ট্রাস্টের ওয়েবসাইটের যোগাযোগের পৃষ্ঠা দেখুন (উত্তর আয়ারল্যান্ড)
ওয়েবসাইট: **111.nhs.uk** (ইংল্যান্ড)
**111.wales.nhs.uk** (ওয়েলস)
**hscni.net** (উত্তর আয়ারল্যান্ড)
**nhs24.scot** (স্কটল্যান্ড)

**Relay UK**
শ্রবণ এবং বাক প্রতিবন্ধী ব্যক্তিদের যোগাযোগে সাহায্যকারী একটি জাতীয় পরিষেবা।
ফোন: Relay অ্যাপটি ব্যবহার করুন অথবা কল করুন: 0800 500 888
ওয়েবসাইট: **relayuk.bt.com**

## স্বীকৃতি

নিজেদের অভিজ্ঞতা সদয়ভাবে শেয়ার করার জন্য আমাদের ব্যবহারকারী পর্যালোচনা গ্রুপকে ধন্যবাদ জানাই।

এই বুকলেটটি তৈরি বা সংশোধনের সময় সদয় পর্যালোচনার জন্য নিচের ব্যক্তিদেরও ধন্যবাদ জানাই:

**Ruth Glew** Morriston Hospital-এর MND-এর নেটওয়ার্ক লিড কোঅর্ডিনেটর, সোয়ানসি, ওয়েলস।

**Lesley Johnston** Carers Northern Ireland-এর পরামর্শ ও তথ্য কর্মকর্তা

**Elizabeth Rogers,** University Hospitals of Derby এবং Burton NHS Foundation Trust-এর মোটর নিউরন রোগের ক্লিনিক্যাল স্পেশালিস্ট অকুপেশনাল থেরাপিস্ট

**"আমার মনে হয় এই সংস্থান মানুষকে এটি জানতে সাহায্য করবে যে বাইরেও অতিরিক্ত সহায়তা রয়েছে এবং কীভাবে তা পাওয়া সম্ভব। একা সংগ্রাম না করে কীভাবে সাহায্য চাইতে হবে, সেটি বুঝতেও এটি সহায়ক হবে।"**

## তথ্যসূত্র

অনুরোধের ভিত্তিতে এই সংস্থানে ব্যবহৃত তথ্যসূত্র প্রদান করা সম্ভব:
ইমেল: **infofeedback@mndassociation.org**

অথবা এখানে চিঠি লিখুন:
Information feedback,
Motor Neurone Disease Association,
Francis Crick House,
6 Summerhouse Road,
Moulton Park,
Northampton, NN3 6BJ

## আরও তথ্য

আমরা MND এবং কেনেডি রোগ সম্পর্কিত অনেক রকম তথ্য প্রদান করি।

প্রাথমিকভাবে, আমরা বিভিন্ন ভাষায় নিচের সংস্থান প্রদান করছি।

আমাদের অনুবাদ পরিষেবার মাধ্যমে অনুরোধ করা সংস্থানের পাশাপাশি অন্যান্য শিরোনামও এখানে পাওয়া যেতে পারে: **mndassociation.org/languages**

### তথ্যপত্র

1B অন্যান্য ভাষা এবং বিন্যাসে তথ্য (এই তথ্যপত্রটি)

7A গিলে খাওয়ার ক্ষেত্রে সমস্যা

7B টিউবে খাওয়ানো

8A শ্বাসকষ্টের জন্য সহায়তা

8B মোটর নিউরন রোগের জন্য ভেন্টিলেশন

### বুকলেট

মোটর নিউরন রোগ পরিচিতি

### লিংক

অন্যান্য ভাষায় তথ্য খুঁজুন এখানে: **mndassociation.org/languages**

প্রয়োজন অনুযায়ী তথ্য খুঁজুন এখানে: **mndassociation.org/careinfofinder**

পেশাজীবীদের জন্য তথ্য খুঁজুন এখানে: **mndassociation.org/professionals**

এখান থেকে আমাদের তথ্য ডাউনলোড করুন: **mndassociation.org/publications**

আমাদের MND Connect হেল্পলাইন থেকে ছাপানো কপির অর্ডার করুন (পরবর্তীতে 'আমাদের সহায়তা' অংশটি দেখুন)।

## আমাদের সহায়তা

প্রতিদিন আমরা মোটর নিউরন রোগে আক্রান্ত ব্যক্তিদের সহায়তা করি, আরও ভালো পরিচর্যার জন্য প্রচার চালাই এবং যুগান্তকারী গবেষণায় অর্থায়ন করি। কারণ MND-এর ক্ষেত্রে প্রতিটি দিনই অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমরা কেনেডি রোগে আক্রান্ত ব্যক্তিদেরও সহায়তা করি।

**MND Connect**
আমাদের হেল্পলাইন থেকে MND রোগী, পরিচর্যাকারী, পরিবার এবং পেশাজীবীদের ব্যবহারিক ও মানসিক সহায়তা, তথ্য এবং নির্দেশনা প্রদান করা হয়। এর বর্তমান খোলার সময় এবং আরও বিস্তারিত জানতে দেখুন: **mndassociation.org/mndconnect**
ফোন: 0808 802 6262
ইমেল: mndconnect@mndassociation.org

**সহায়তা পরিষেবা**
আমাদের সহায়তা পরিষেবার বিষয়ে জানুন এখানে: **mndassociation.org/our-services**

**স্থানীয় এবং আঞ্চলিক সহায়তা**
আমাদের শাখা এবং গ্রুপের বিষয়ে জানুন এখানে: **mndassociation.org/local-support**

**MND Association Benefits Advice Service**
দাবি শনাক্তকরণ এবং কীভাবে আবেদন করতে হবে সে বিষয়ে সাহায্যের জন্য দেখুন: **mndassociation.org/benefitsadvice** অথবা আমাদের MND Connect হেল্পলাইনে কল করুন।
ফোন: 0808 802 6262

**MND Association-এর ওয়েবসাইট এবং অনলাইন ফোরাম**
ওয়েবসাইট: **mndassociation.org**
অনলাইন ফোরাম: **forum.mndassociation.org**

# আপনার মতামত আমাদের কাছে গুরুত্বপূর্ণ

আমরা কোন কাজটি ভালো করছি এবং MND বা কেনেডি রোগের রোগী, তাদের পরিবার এবং পরিচর্যাকারীদের জন্য তথ্যের মানের কোথায় কোথায় উন্নতি করা যেতে পারে, সে বিষয়ে আমরা আপনার মতামত জানতে চাই।

সচেতনতা বৃদ্ধিতে এবং আমাদের সংস্থান, প্রচার অভিযান এবং অর্থায়নের আবেদনে প্রভাব বিস্তারের জন্য আপনার পরিচয় গোপন রাখা মন্তব্য ব্যবহার করা হতে পারে।

আমাদের যেকোনো তথ্যপত্রের বিষয়ে মতামত জানাতে, আমাদের অনলাইন ফর্মটি ব্যবহার করুন এখানে:
**smartsurvey.co.uk/s/infosheets_1-25**

আপনি ফর্মটির একটি ছাপানো কপির জন্য অনুরোধ জানাতে পারেন অথবা ইমেইলের মাধ্যমে সরাসরি মতামত দিতে পারেন: **infofeedback@mndassociation.org**

অথবা এখানে চিঠি লিখুন:
Information feedback
Motor Neurone Disease Association
Francis Crick House,
6 Summerhouse Road,
Moulton Park
Northampton, NN3 6BJ

### আপনি কি আমাদের তথ্য পর্যালোচনায় সাহায্য করতে চান?

আপনি যদি MND বা কেনেডি রোগের একজন রোগী অথবা একজন পরিচর্যাকারী হয়ে থাকেন, তবে আমাদের সাথে যোগাযোগ করুন এখানে **infofeedback@mndassociation.org**

© MND Association, 2026

Motor Neurone Disease Association
Francis Crick House,
6 Summerhouse Road,
Moulton Park
Northampton, NN3 6BJ

ফোন: 01604 250505
ইমেল: enquiries@mndassociation.org
ওয়েবসাইট: mndassociation.org

নিবন্ধিত চ্যারিটি নং 294354

সংশোধিত: জানুয়ারি 2026
পরবর্তী পর্যালোচনা: ফেব্রুয়ারি 2028
সংস্করণ: 1